গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্ বন্ড কমিশনারেট
৪২, এম এম আলী রোড, লালখান বাজার, চট্টগ্রাম

প্রেরণের তারিখ ঃ /০৭/২০১৯

বিচারাদেশ নং ঃ ৩৭ /২০১৯, তারিখ ঃ ০১/০৬/২০১৯

আদেশ প্রদানকারী কর্মকর্তার নাম ঃ মোঃ আজিজুর রহমান,

পদবী ঃ **কমিশনার**
কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

## মূল আদেশ

১। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির নিকট ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনা মূল্যে প্রদান করা হলো।

২। এ আদেশের বিরুদ্ধে আপীল করতে হলে তা আদেশ জারীর ০৩ (তিন) মাসের মধ্যে প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা বরাবরে দাখিল করতে হবে।

৩। আপীল আবেদনের উপর টাকা ২০০/- (দুই শত) মাত্র মূল্যের কোর্ট ফি ষ্ট্যাম্প সংযুক্ত করতে হবে এবং সেই সঙ্গে নিম্নলিখিত দলিলাদিও সংযুক্ত করে দিতে হবে।

ক) ১৮৭০ সনের কোর্ট ফি ষ্ট্যাম্প এর ১নং তফশীলের ৬ নং দফা অনুযায়ী টাকা ২০/-(বিশ) মাত্র মূল্যের কোর্ট ফি যুক্ত এ আদেশের একটি অতিরিক্ত অনুলিপি ; এবং

খ) আপীল আবেদনের একটি অতিরিক্ত অনুলিপি।

৪। আপীল আবেদনের একটি অনুলিপি অবশ্যই কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৪২, এম, এম, আলী রোড, লালখাঁন বাজার, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে।

৫। দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১৯৪, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৪২(১) এর প্রতি আপীলকারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আপীল বিবেচিত হওয়ার পূর্বে মূল আদেশে আরোপিত জরিমানা/শুল্ক/মূল্য সংযোজন কর ইত্যাদি অবশ্যই আইনের ধারা মোতাবেক পরিশোধ করতে হবে।

৬। লিখিত আপীল ছাড়াও আপীলকারী স্বয়ং অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে আপীলাত ট্রাইব্যুনালে ব্যক্তিগত শুনানী দিতে চাইলে আপীল আবেদনে তা সুস্পষ্টভাবে উলেখ করতে হবে।

৭। ক) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ **মেসার্স বিডি ডিজাইনস (প্রাঃ) লিঃ,**
প্লট নং-৪৮-৪৯, সেক্টর-০৩, কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম

খ) অনিয়ম এর বিবরণ ঃ বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য বন্ডেড ওয়্যারহাউসে না পাওয়ার অভিযোগ

## মামলার প্রেক্ষাপট ঃ

৮। মেসার্স বিডি ডিজাইনস (প্রাঃ) লিঃ, প্লট নং-৪৮-৪৯, সেক্টর-০৩, কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম (৫(১৩)কাবক/চট্টঃ/বন্ড (সাঃ)/ লাইঃ/ ০৪/২০১৮, তারিখ-০৯-০৪-২০১৫ খ্রিঃ, মূসক নং- ২৪০২১০৩১৯৪৪) নামীয় প্রতিষ্ঠানের বিগত সময়ে আমদানি-রপ্তানি যাচাই করে প্রতিবেদন দেয়ার জন্য একটি কমিটি গঠন করা হয়। এ দপ্তর কর্তৃক গঠিত তদন্ত কমিটি গোপন সূত্রে পাওয়া তথ্য ও উক্ত প্রতিষ্ঠানের বিগত বছরের আমদানি রপ্তানির তথ্যের যাচাই করে প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত ১৯টি বিল অব এন্ট্রির অনিয়ম খুঁজে পায় মর্মে প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে কমিটি উল্লেখ করেন যে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ যথারীতি ভূয়া ও জাল দলিলাদি দাখিল করে বেপজা কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে On-Line IP গ্রহণ করেছে। এ বিষয়ে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট জানতে চাইলে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ লিখিতভাবে জানায় যে, যদিও আইপিগুলো বৈধভাবে তারা গ্রহণ করেছে কিন্তু উক্ত মালামালগুলো (১৯টি চালান) প্রতিষ্ঠান কর্তৃপক্ষ আমদানি করেনি। প্রতিষ্ঠানের বাণিজ্যিক কর্মকর্তা জালিয়াতির মাধ্যমে এই কার্যক্রম করেছে এবং মালামাল খালাসকারী সিএন্ডএফ এজেন্ট প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগ দেয়া হয়নি। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের এ ধরণের বক্তব্য/মতামত গ্রহণ করার আইন ও বিধি মোতাবেক সুযোগ নেই। বৈধ আইপির ভিত্তিতে মালামালগুলো শুল্কায়ণ ও খালাস প্রদান করা হয়েছে। এতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দায়দায়িত্ব এড়িয়ে যাওয়ার সুযোগ নেই।

৯। অভিযুক্ত ১৯টি বিল অব এন্ট্রির তথ্য নিম্নরূপঃ-

| ক্রঃ নং | বিল অব এন্ট্রি নং ও তাং | আই.পি নং |
|---|---|---|
| 01 | C-233372, 12.12.2016 | IH86512607006121 |
| 02 | C-37786, 22.02.2016 | IH302175029130217 |
| 03 | C-2437, 04.01.2017 | IH0862612162082012 |
| 04 | C-234559, 14.12.2016 | IH08626116105261l |
| 05 | C-11149, 16.01.2017 | IH-0862612342092712 |
| 06 | C-17825, 25.01.2017 | IH230170502008011 7 |
| 07 | C-234563, 14.12.2016 | IA086261116107261l |
| 08 | C-25841, 05.02.2017 | IH010217408902021 7 |
| 09 | C-51076, 13.03.2017 | IH203218969712031 |
| 10 | C-97688, 03.05.2018 | IH300418223 |
| 11 | C-36611, 14.02.2018 | IH3001180133300118 |
| 12 | C-74383, 02.04.2018 | IH2703180167270318 |
| 13 | C-111947, 20.05.2018 | IH1405180006140518 |
| 14 | C-256447, 20.12.2017 | IH181217012518217 |
| 15 | C-137999, 21.06.2018 | IH1206180008112061 8 |
| 16 | C-52718, 06.03.2018 | IH0303180028030318 |
| 17. | C-37790, 22.02.2017 | IH1202170091-210217 |
| 18. | C-377688, 22.02.2017 | IH2002189052200217 |
| 19. | C142573, 27.06.2018 | IH100618091100618 |

Scanned by CamScanner

১০। উপরোক্ত ১৯টি বিল অব এন্ট্রিতে জড়িত রাজস্বের বিবরণ নিম্নরূপ ঃ-

| S/L | B/E NO DATE | NAME OF GO ODS | H.S CODE | QTY (KG) | PER UNIT VALUE (USD) | ASS. VALUE (BDT) | ASS. VALUE WITH LOADING | CD 25% | RD 3% | SD 20% | VAT 15% | AIT 5% | ATV 4% | [illegible] |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | C-233372, 12.12.2016 | 100% Polyester | 54076100 | 25180.00 | 3.00 | 1,656,641.07 | 1,689,773.89 | 1,723,569.17 | 1,758,040.76 | 1,793,201.57 | 1,829,065.60 | 1,865,646.92 | 1,902,959.85 | 1,941,0 |
| 2 | C-17786, 22.02.2016 | 100% Polyester | 55131100 | 14954.5 | 3.00 | 89,663.61 | 91,456.88 | 93,286.02 | 95,151.74 | 97,054.78 | 98,995.87 | 100,975.79 | 102,995.30 | 105,05 |
| 3 | C-2437, 04.01.2017 | 100% Polyester | 54076100 | 25286 | 3.00 | 1,668,032.76 | 1,701,393.42 | 1,735,421.28 | 1,770,129.71 | 1,805,532.30 | 1,841,642.95 | 1,878,475.81 | 1,916,045.32 | 1,954,3 |
| 4 | C-214559, 14.12.2016 | 100% Polyester | 54076100 | 25501 | 3.00 | 1,677,789.18 | 1,711,314.96 | 1,745,571.86 | 1,780,483.30 | 1,816,092.97 | 1,852,414.83 | 1,889,463.12 | 1,927,252.38 | 1,965,7 |
| 5 | C-11149, 16.01.2017 | 100% Polyester | 54076100 | 25301 | 3.00 | 1,669,217.61 | 1,702,601.96 | 1,736,654.00 | 1,771,387.08 | 1,806,814.82 | 1,842,951.12 | 1,879,810.14 | 1,917,406.34 | 1,955,7 |
| 6 | C-17825, 25.01.2017 | Synthetic Fabric s | 54076100 | 25886.4 | 3.00 | 1,707,839.20 | 1,741,995.98 | 1,776,835.90 | 1,812,372.62 | 1,848,620.07 | 1,885,592.48 | 1,923,304.33 | 1,961,770.41 | 2,001,0 |
| 7 | C-234561, 14.12.2016 | 100% Polyester | 54076100 | 24636 | 3.00 | 1,620,850.54 | 1,653,267.55 | 1,686,332.90 | 1,720,059.56 | 1,754,460.75 | 1,789,549.97 | 1,825,340.97 | 1,861,847.78 | 1,899,0 |
| 8 | C-25841, 05.02.2017 | 100% Polyester | 54076100 | 21980 | 3.00 | 1,454,648.64 | 1,483,741.61 | 1,513,416.45 | 1,543,684.77 | 1,574,558.47 | 1,606,049.64 | 1,638,170.63 | 1,670,934.04 | 1,704,3 |
| 9 | C-51076, 13.03.2017 | 100% Polyester | 54076100 | 25775 | 3.00 | 1,712,856.82 | 1,747,113.96 | 1,782,056.24 | 1,817,697.36 | 1,854,051.31 | 1,891,132.33 | 1,928,954.98 | 1,967,534.08 | 2,006,8 |
| 10 | C-97688, 03.05.2018 | 100% Polyester | 55131100 | 19200 | 3.00 | 477,041.28 | 486,582.11 | 496,313.75 | 506,240.02 | 516,364.82 | 526,692.12 | 537,225.96 | 547,970.48 | 558,92 |
| 11 | C-36611, 14.02.2018 | 100% Polyester | 52094200 | 22000 | 3.00 | 12,194,448.19 | 12,438,337.15 | 12,687,103.90 | 12,940,845.97 | 13,199,662.89 | 13,463,656.15 | 13,732,929.28 | 14,007,587.86 | 14,287,7 |
| 12 | C-74383, 02.04.2018 | 100% Polyester | 5407200 | 20000 | 3.00 | 12,238,897.05 | 12,483,674.99 | 12,733,348.49 | 12,988,015.46 | 13,247,775.77 | 13,512,731.29 | 13,782,985.91 | 14,058,645.63 | 14,339, |
| 13 | C-111947, 20.05.2018 | 100% Polyester | 54076100 | 28332 | 3.00 | 712,813.33 | 727,069.60 | 741,610.99 | 756,443.21 | 771,572.07 | 787,003.51 | 802,743.58 | 818,798.46 | 835,17 |
| 14 | C-256447, 20.12.2017 | 100% Polyester | 52093900 | 27300 | 3.00 | 2,781,010.06 | 2,836,630.26 | 2,893,362.87 | 2,951,230.12 | 3,010,254.73 | 3,070,459.82 | 3,131,869.02 | 3,194,506.40 | 3,258,3 |
| 15 | C-137999, 21.06.2018 | 100% Polyester | 54076100 | 27825 | 3.00 | 767,863.00 | 783,220.26 | 798,884.67 | 814,862.36 | 831,159.61 | 847,782.80 | 864,738.45 | 882,033.22 | 899,67 |
| 16 | C-52718, 06.03.2018 | 100% Polyester | 54077200 | 28240 | 3.00 | 1,568,599.73 | 1,599,971.72 | 1,631,971.16 | 1,664,610.58 | 1,697,902.79 | 1,731,860.85 | 1,766,498.07 | 1,801,828.03 | 1,837,8 |
| 17 | C-37790, 22.02.2017 | 100% Polyester | 55131300 | 25265 | 3.00 | 1,672,051.20 | 1,705,492.22 | 1,739,602.07 | 1,774,394.11 | 1,809,881.99 | 1,846,079.61 | 1,883,001.22 | 1,920,661.25 | 1,959,0 |
| 18 | C-377688, 22.02.2017 | 100% Polyester | 55131300 | 25350 | 3.00 | 1,677,696.09 | 1,711,250.01 | 1,745,475.01 | 1,780,384.51 | 1,815,992.20 | 1,852,312.05 | 1,889,358.29 | 1,927,143.45 | 1,965,6 |
| 19 | C142573, 27.06.2018 | 100% Polyester | 52084900 | 16705 | 3.00 | 1,761,690.24 | 1,796,924.04 | 1,832,862.53 | 1,869,519.78 | 1,906,910.17 | 1,945,048.38 | 1,983,949.34 | 2,023,628.33 | 2,064,1 |
| | | Total = | | | | | 50,091,842.59 | 51,093,679.44 | 52,115,553.03 | 53,157,864.09 | 54,221,021.38 | 55,305,441.80 | 56,411,550.64 | 57,539, |

১১। শুল্ক মূল্যায়ন বিধিমালা-২০০০ মোতাবেক ডাটা বেইজ মূল্য তথ্য সংগ্রহ করে দেখা যায়, বিগত ৩ মাসের প্রতি কেজি পণ্যের সর্বনিম্ন মূল্য ছিল ৩.০০ মার্কিন ডলার ও সর্বোচ্চ ৬-৭.০০ মাঃ ডঃ। সর্বনিম্ন ৩.০০ মাঃ ডঃ হিসেবে উপরোক্ত ১৯ বিল অব এন্ট্রির মাধ্যমে খালাসকৃত পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য ৫,০০,৯১,৮৪২.৫৯ (পাঁচ কোটি একানব্বই হাজার আটশত বিয়াল্লিশ দশমিক পাঁচ নয়) টাকা ও জড়িত রাজস্ব ৫,৭৫,৩৯,৭৮১.৬৫ (পাঁচ কোটি পঁচাত্তর লক্ষ উনচল্লিশ হাজার সাতশত একাশি দশমিক ছয় পাঁচ) টাকা।

১২। আলোচ্য প্রতিষ্ঠান **মেসার্স বিডি ডিজাইনস (প্রাঃ) লিঃ**, প্লট নং-৪৮-৪৯, সেক্টার-০৩, কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য আমদানি করে অবৈধভাবে খোলা বাজারে পাচার করেছে। যা The Customs Act, 1969 এর ধারা ১৩(২)(বি) এবং একই আইনের ধারা ৮৭, ৮৮, ৯৭ এর সঙ্গে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ এবং লাইসেন্সি বন্ডার কর্তৃক বন্ড লাইসেন্সের পালনীয় শর্তাবলীর শর্ত নং-২ ও ৫ এর সুস্পষ্ট লংঘন এবং The Customs Act, 1969 এর Section 13(3)(A)(B) ও একই আইনের ধারা 156(1) এর টেবিলের দফা 14, 51, 51(A), 61, 62 & 90 মোতাবেক শাস্তিযোগ্য, একই আইনের Section 13(3) প্রদত্ত ক্ষমতাবলে বন্ড লাইসেন্স বাতিলযোগ্য এবং Section 111 মোতাবেক ফাকিকৃত রাজস্ব বাবদ ৫,৭৫,৩৯,৭৮১.৬৫ (পাঁচ কোটি পঁচাত্তর লক্ষ উনচল্লিশ হাজার সাতশত একাশি দশমিক ছয় পাঁচ) টাকা প্রতিষ্ঠানের নিকট হতে আদায়যোগ্য হওয়ায় তদন্তকারী কর্মকর্তাগণ আলোচ্য প্রতিষ্ঠানের বিরুদ্ধে রাস্ব ফাঁকির মামলা নং-১৪/২০১৮, তাং-১৭/১০/২০১৮ খ্রিঃ দায়ের করেন।

## কারণ দর্শানো নোটিশ জারী

১৩। আলোচ্য প্রতিষ্ঠানের বিরুদ্ধে দায়েরকৃত রাজস্ব ফাঁকির মামলা নং-১৪/২০১৮, তাং-১৭/১০/২০১৮ খ্রিঃ এর প্রেক্ষিতে এ দপ্তরের পত্র নথি নং- এস ১/৬১/কেইপিজেড/BD Design/তদন্ত/কাবক/২০১৮/৩২২, তারিখ- ০৪.১১.২০১৮খ্রিঃ এর মাধ্যমে প্রতিষ্ঠানের অনুকূলে কারন দর্শানো নোটিশ জারী করা হয়।

## লিখিত জবাব দাখিল

১৪। এ দপ্তর হতে প্রেরিত কারন দর্শানো নোটিশের প্রেক্ষিতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ গত ১৭.১১.২০১৮খ্রিঃ তারিখে লিখিত জবাব প্রদান করেন। উক্ত জবাবে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উল্লেখ করেন যে, উল্লিখিত ১৯টি বিল অব এন্ট্রি, এ সংক্রান্ত আমদানি দলিলসমূহ তাদের নয়, এগুলোর বিপরীতে আমদানিকৃত মালামালসমূহও তাদের প্রতিষ্ঠানের নয়। সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্টও প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত নয় এবং তাদের প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংক এ সংক্রান্ত কোন মূল্য পরিশোধ করেনি। দূর্ভাগ্যবশত: বেপজা উক্ত প্রতিষ্ঠানের নামে আইপি ইস্যু করে। সুতরাং আইপি ইস্যুর সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীগণের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার জন্য প্রতিষ্ঠান কর্তৃপক্ষ লিখিত জবাবে উল্লেখ করেন। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এ বিষয়ে মেট্রোপলিটন মেজিস্ট্রেট আদালত, চট্টগ্রাম -এ একটি পিটিশন দায়ের করে এবং বন্দর থানায় একটি মামলা দায়ের করে, যার নং- ১৪/২০১৮, তারিখ- ১৭.১০.২০১৮খ্রিঃ। বর্তমানে এ সংক্রান্ত অভিযোগে একজন অভিযুক্ত পুলিশের হাতে আটক হয়েছে এবং বিষয়টি আদালতের অধীন তদন্তাধীন/বিচারাধীন রয়েছে মর্মে উল্লেখ করেন।

## শুনানী গ্রহণ

১৪। **মেসার্স বিডি ডিজাইনস (প্রাঃ) লিঃ**, প্লট নং-৪৮-৪৯, সেক্টার-০৩, কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম নামীয় প্রতিষ্ঠানটির অনুকূলে উক্ত মামলার নিষ্পত্তির লক্ষ্যে এ দপ্তরের পত্র নথি নং-এস ১/৬১/কেইপিজেড/BD Design/তদন্ত/কাবক/২০১৮/০৮, তারিখ- ০৮.০১.২০১৯খ্রিঃ তারিখের মাধ্যমে ২১.০১.২০১৯খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় শুনানীতে উপস্থিত হওয়ার জন্য প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করা হয়।



Scanned by CamScanner

নির্দিষ্ট তারিখ ও সময়ে প্রতিষ্ঠানের পরিচালক (এডমিন) Mr. Shabuddin Mahmud শুনানীতে উপস্থিত হয়ে কারন দর্শানো নোটিশের জবাবের পুনরাবৃত্তি করেন। "তিনি বলেন যে, মেট্রোপলিটন মেজিস্ট্রেট আদালত, চট্টগ্রাম হতে আদেশ জারী পর্যন্ত উক্ত মামলার বিষয়ে সময় প্রদান করুন। বর্তমানে এই মামলার ক্ষেত্রে সিএন্ডএফসহ অন্যান্য ব্যাক্তিবর্গের বিরুদ্ধে বর্ণিত কোর্টে মামলা Pending রয়েছে। তিনি বলেন ১৯টি বি/ই এর মধ্যে ১১টি বি/ই সংশ্লিষ্ট কোনো আইপি পাওয়া যায়নি। একটি চক্র বিশেষ করে বেপজা, কাস্টমস ও কোম্পানির কর্মাশিয়াল সেকশন মিলে এই ধরনের কার্যক্রম সংঘটিত হয়েছে। পুরো বিষয়টি আরও Investigation প্রয়োজন। আইপি ইস্যু এর ব্যাপারে কোম্পানির দায়িত্ব কি জানতে চাইলে তিনি জানান যে, ১৯টি বি/ই এর মধ্যে ০৭টি আইপি ইস্যু কোম্পানির মাধ্যমে হয়েছে। অবশিষ্ট আইপি Fake. অর্থাৎ এ ধরনের নাম্বার কখনো হয়না মর্মে তিনি শুনানীতে বলেন। সর্বশেষ তিনি মাননীয় কোর্ট হতে রায় হওয়া পর্যন্ত সময় প্রদানের জন্য শুনানীতে উপস্থিত হয়ে অনুরোধ করেন।

**পর্যালোচনা**

১৫। নথি যথাযথভাবে পর্যালোচনা করে দেখা হলো। এতে দেখা যায় যে, **মেসার্স বিডি ডিজাইনস (প্রাঃ) লিঃ**, চট্টগ্রাম প্রতিষ্ঠানটির ১০ টি আমদানি বিল অব এন্ট্রির অনিয়ম পাওয়া যায় জানায়। উক্ত ১৯ টি বি/ই এর আমদানি তথ্য যাচাইকালে দেখা যায় যে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ যথারীতি ভূয়া ও জাল দলিলাদি দাখিল করে বেপজা কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে Online এ I.P গ্রহণ করেন। এ বিষয়ে প্রতিষ্ঠানের নিকট জানতে চাওয়া হলে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ লিখিতভাবে জানান যে, যদিও আইপি গুলো বৈধভাবে গ্রহণ করা হয়েছে কিন্তু উক্ত মালামালগুলো (১৯টি চালান) প্রতিষ্ঠান কর্তৃপক্ষ আমদানি করেনি। প্রতিষ্ঠানের বাণিজ্যিক কর্মকর্তা জালিয়াতির মাধ্যমে এই কার্যক্রম করেছে বলে জানান। আইন ও বিধি মোতাবেক প্রতিষ্ঠানের এ ধরনের মতামত গ্রহণ করার সুযোগ নেই। কারণ প্রতিষ্ঠানটির বৈধ আইপির ভিত্তিতে মালামালগুলো শুল্কায়ন এবং খালাস প্রদান করা হয়। এতে তাদের দায়িত্ব এড়িয়ে যাওয়ার সুযোগ নেই। প্রতিষ্ঠানটি বন্ড সুবিধায় আমদানিকৃত কাপড় দিয়ে পোষাক প্রস্তুত করে বিদেশে রপ্তানির কথা থাকলেও এক্ষেত্রে উক্ত চালানসমূহের মাধ্যমে ৪৫৪.৭১৭ টন ফেব্রিক্স আমদানি করে অবৈধভাবে খোলা বাজারে পাচার করা হয়েছে মর্মে প্রতীয়মান হয়। যার পণ্যের শুল্কায়নযোগ্য মূল্যঃ ৳ ৫,০০,৯১,৮৪২.৫৯ (পাঁচ কোটি একানব্বই লক্ষ আটশত বিয়াল্লিশ দশমিক পাঁচ নয় পয়সা টাকা এবং শুল্ক করাদির পরিমাণ = ৳ ৫,৭৫,৩৯,৭৮১.৬৫ (পাঁচ **কোটি পঁচাত্তর লক্ষ উনচল্লিশ হাজার সাতশত একাশি টাকা পঁয়ষট্টি পয়সা)** টাকা ফাঁকি দেয়ার চেষ্টা করা হয়েছে বিধায় এতদবিষয়ে কর্মকর্তাগণ একটি রাজস্ব ফাঁকির মামলা নং-১৪/২০১৮, তারিখ : ১৭/১০/২০১৮খ্রিঃ এ দপ্তরে দাখিল করেন। প্রতিষ্ঠানের উক্তরূপ কর্মকান্ডের জন্য The Customs Act, 1969 এর Section, 62, 90, 94, 104, 105, 157 ও 168 এর সংগে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ এবং লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলির শর্ত নং-২ ও ৫ সুস্পষ্ট লংঘন, যা The Customs Act, 1969 এর Section 156 এর টেবিলভুক্ত উপধারা (1) এর টেবিলের দফা 51, 52(A), 54, 58, 61, 62, 89, 90 & 94 মোতাবেক শাস্তিযোগ্য বিধায় এ দপ্তরের পত্র এস ১/৬১/কেইপিজেড/BD Design/তদন্ত/কাবক/২০১৮/৩২২, তারিখ- ০৪.১১.২০১৮খ্রিঃ এর মাধ্যমে প্রতিষ্ঠানের অনুকূলে কারন দর্শানো নোটিশ জারী করা হয়। এ দপ্তর হতে প্রেরিত কারন দর্শানো নোটিশের প্রেক্ষিতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ গত ১৭.১১.২০১৮খ্রিঃ তারিখে জবাব প্রদান করেন। উক্ত জবাবে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উল্লেখ করেন যে, উল্লিখিত ১৯টি বিল অব এন্ট্রি এবং এ সংক্রান্ত আমদানি দলিলসমূহ তাদের নয় এবং এগুলোর বিপরীতে আমদানিকৃত মালামালসমূহও এ প্রতিষ্ঠানের নয়। সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্টও প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত নয় এবং এ প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংক এ সংক্রান্ত কোন মূল্য পরিশোধ করেনি। দূর্ভাগ্যবশতঃ বেপজা উক্ত প্রতিষ্ঠানের নামে আইপি ইস্যু করে। সুতরাং আইপি ইস্যুর সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীগণের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার জন্য প্রতিষ্ঠান লিখিত জবাবে উল্লেখ করেন। প্রতিষ্ঠান এ বিষয়ে মেট্রোপলিটন মেজিস্ট্রেট আদালত, চট্টগ্রাম -এ একটি পিটিশন দায়ের করে এবং বন্দর থানায় একটি মামলা দায়ের করে, যার নং- ১৪/২০১৮, তারিখ- ১৭.১০.২০১৮খ্রিঃ। বর্তমানে এ সংক্রান্ত অভিযোগে একজন অভিযুক্ত পুলিশের হাতে আটক হয়েছে এবং বিষয়টি আদালতের অধীন তদন্তাধীন বিচারাধীন রয়েছে। প্রতিষ্ঠানটির অনুকূলে উক্ত মামলার নিষ্পত্তির লক্ষ্যে এ দপ্তরের পত্র নথি নং-এস ১/৬১/কেইপিজেড/BD Design/তদন্ত/কাবক/২০১৮/০৮, তারিখ- ০৮.০১.২০১৯খ্রিঃ তারিখের মাধ্যমে ২১.০১.২০১৯খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় শুনানীতে উপস্থিত হওয়ার জন্য প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করা হয়। নির্দিষ্ট তারিখ ও সময়ে প্রতিষ্ঠানের পরিচালক (এডমিন) Mr. Shabuddin Mahmud শুনানীতে উপস্থিত হয়ে কারন দর্শানো নোটিশের জবাবের পুনরাবৃত্তি করেন। "তিনি বলেন যে, মেট্রোপলিটন মেজিস্ট্রেট আদালত, চট্টগ্রাম হতে আদেশ জারী পর্যন্ত উক্ত মামলার বিষয়ে সময় প্রদান করুন। বর্তমানে এই মামলার ক্ষেত্রে সিএন্ডএফসহ অন্যান্য ব্যাক্তিবর্গের বিরুদ্ধে বর্ণিত কোর্টে মামলা Pending রয়েছে। তিনি বলেন ১৯টি বি/ই এর মধ্যে ১১টি বি/ই সংশ্লিষ্ট কোনো আইপি পাওয়া যায়নি। একটি চক্র বিশেষ করে বেপজা, কাস্টমস ও কোম্পানির কর্মাশিয়াল সেকশন মিলে এই ধরনের কার্যক্রম সংঘটিত হয়েছে। পুরো বিষয়টি আরও Investigation প্রয়োজন। আইপি ইস্যু এর ব্যাপারে কোম্পানির দায়িত্ব কি জানতে চাইলে তিনি জানান যে, ১৯টি বি/ই এর মধ্যে ০৭টি আইপি ইস্যু কোম্পানির মাধ্যমে হয়েছে। অবশিষ্ট আইপি Fake. অর্থাৎ এ ধরনের নাম্বার কখনো হয়না মর্মে তিনি শুনানীতে বলেন। সর্বশেষ তিনি মাননীয় কোর্ট হতে রায় হওয়া পর্যন্ত সময় প্রদানের জন্য শুনানীতে উপস্থিত হয়ে অনুরোধ করেন। যেহেতু প্রার্থিত বিষয়াদির ক্ষেত্রে দি কাস্টমস এ্যাক্ট ১৯৬৯ এর আলোকে প্রতিকারের আইনানুগ ভিত্তি রয়েছে বিধায় এবং আবেদনে প্রতিষ্ঠান কর্তৃপক্ষের কারন দর্শানো নোটিশের জবাব আবেদন আমলে নিয়ে মামলাটি নিষ্পত্তির লক্ষ্যে নিম্নরূপ আদেশ প্রদান করা হলো।



Scanned by CamScanner

## আদেশ

১৭। মেসার্স বিডি ডিজাইনস (প্রাঃ) লিঃ, প্লট নং-৪৮-৪৯, সেক্টার-০৩, কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম প্রতিষ্ঠান কর্তৃক ১৯টি বিল অব এন্ট্রির মাধ্যমে বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য অবৈধভাবে খোলা বাজারে বিক্রয়ের অভিযোগ সন্দেহাতিতভাবে প্রমানিত ও প্রতিষ্ঠিত হওয়ায় দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১১১ মোতাবেক জড়িত রাজস্ব বাবদ **৫,৭৫,৩৯,৭৮১.৬৫ (পাঁচ কোটি পঁচাত্তর লক্ষ উনচল্লিশ হাজার সাতশত একাশি দশমিক ছয় পাঁচ) টাকা** পরিশোধের নির্দেশ দেয়া হলো।

১৮। **মেসার্স বিডি ডিজাইনস (প্রাঃ) লিঃ**, প্লট নং-৪৮-৪৯, সেক্টার-০৩, কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম প্রতিষ্ঠান কর্তৃক ১৯টি বিল অব এন্ট্রির মাধ্যমে বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য অবৈধভাবে খোলা বাজারে বিক্রয়ের মাধ্যমে The Customs Act, 1969 এর ধারা ১৩(২)(বি) এবং একই আইনের ধারা ৮৭, ৮৮, ৯৭ এর সঙ্গে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ এবং লাইসেন্সি বন্ডার কর্তৃক বন্ড লাইসেন্সের পালনীয় শর্তাবলীর শর্ত নং-২ ও ৫ এর সুস্পষ্ট লংঘন করায় The Customs Act, 1969 এর Section 156 এর টেবিলভুক্ত উপধারা (1) এর টেবিলের দফা 51, 52(A), 54, 58, 61, 62, 89, 90 & 94 মোতাবেক ২,০০,০০,০০০.০০ (দুই কোটি) টাকা অর্থদন্ড আরোপ করা হলো। আরোপিত অর্থদন্ড ও জড়িত রাজস্বসহ **সর্বমোট ৭,৭৫,৩৯,৭৮১.৬৫ (সাত কোটি পঁচাত্তর লক্ষ উনচল্লিশ হাজার সাতশত একাশি দশমিক ছয় পাঁচ) টাকা** এ আদেশ জারীর **১৫(পনের) দিনের মধ্যে** ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগাড়ে জমা প্রদান পূর্বক ট্রেজারী চালানের মূল কপি এ দপ্তরে দাখিলের নির্দেশ দেয়া হলো।

প্রাপকঃ ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স বিডি ডিজাইনস (প্রাঃ) লিঃ
প্লট নং-৪৮-৪৯, সেক্টার-০৩,
কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম।

(মোঃ আজিজুর রহমান)
কমিশনার
ফোন- ০৩১-২৮৬৩২৫৩
ই-মেইল- cbcctg@yahoo.com
তারিখ-০১/০৮/২০১৯ খ্রিঃ

নথি নং-এস ১/৬১/কেইপিজেড/BD Design/তদন্ত/কাবক/২০১৮/ ৪০২(৫)

**অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ**

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন (৪র্থ তলা), ১০, দিলকুশা বা/এ, ঢাকা।
২। দ্বিতীয় সচিব (শুল্ক রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩। উপ-কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, সিইপিজেড, চট্টগ্রাম।
৪। জেনারেল ম্যানেজার, বেপজা সিইপিজেড, চট্টগ্রাম।
৫। সহকারী প্রোগামার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
৬। পিএ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অফিস কপি।

০১.০৮.১৯
(মোঃ সাইফুর রহমান)
উপ কমিশনার
কমিশনারের পক্ষে
কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম

Scanned by CamScanner